## শিবগঞ্জ উপজেলা পরিষদ
### বগুড়া

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | **শিবগঞ্জ উপজেলা পরিষদের নভেম্বর, ২০২৪ মাসের সাধারণ সভার কার্যবিবরণী** |
| সভাপতি | ঃ | তাহমিনা আক্তার<br>উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া |
| সভার তারিখ | ঃ | ২১ নভেম্বর, ২০২৪ খ্রি. |
| সময় | ঃ | বেলা ১২.০০ টা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, শিবগঞ্জ, বগুড়া |
| সভার উপস্থিতি | ঃ | পরিশিষ্ট "ক" সদয় দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে আলোচনা করেন। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্যসূচি-০১ঃ বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।**

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীর কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ (Confirm) করা হয়।

**আলোচ্যসূচি-০২ঃ বিভাগীয় আলোচনাঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, অক্টোবর, ২০২৪ মাসের অন্তঃ বিভাগে রোগীর সংখ্যা = ৫২৬ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা = ১০৯২ জন, বহি ঃ বিভাগে রোগীর সংখ্যা= ১২২৭০ জন, কমিউনিটি ক্লিনিকে রোগীর সংখ্যা = ৬২,৩৫২ জন, ভর্তিকৃত গর্ভবতী মহিলার সংখ্যা = ৭৫ জন, স্বাভাবিক প্রসব = ৫১টি, সিজারিয়ান = ০৯ টি, মোট ডেলিভেরী = ৬০,জীবিত জন্ম = ৫৯টি, মৃত জন্ম=০১টি, এএনসি সেবা হাসপাতালে= ৪৩৭ জন, পিএনসি সেবা হাসপাতালে = ৬০ জন, বেড অকুপেন্সী রেট ১০০.৪৫%, মেজর সার্জারী = ০৯টি, মাইনর সার্জারী = ৫৮০টি।<br><br>করোনা সংক্রান্ত তথ্যঃ হোম কোয়ারেন্টাইন/আইসোলেশনরত= ১৫০৪ জন, হোম কোয়ারেন্টাইন /আসোলেশন হতে ছাড়পত্র= ১৫০৪ জন, করোনা টিকার রেজিষ্ট্রেশন ২৫১০৯৩ জন,(০১.১১.২০২৪ পর্যন্ত) করোনার ১ম ডোজ টিকা গ্রহণ= ৩৯০৮২৬ জন, করোনার ২য় ডোজ টিকা গ্রহণ= ৩৭৬৬৭৬ জন, বুস্টার ডোজ টিকা গ্রহণকারীর সংখ্যা= ১৮৮৯১৩, ৪র্থ ডোজ টিকা গ্রহণকারীর সংখ্যা=১৬০৬৭ জন, ৫-১১ বছর শিশুদের টিকা প্রদান ১ম ডোজ= ৫৩৬৫০ জন এবং ২য় ডোজ ৪১৩৫০।<br>ডেঙ্গু সংক্রান্ত তথ্য ঃ জানুয়ারি/২৪ হতে অক্টোবর/২৪ পর্যন্ত<br>মোট পরীক্ষা-NS1=28+22=50, IgG/IgM=29+17=46,মোট ডেঙ্গু রোগী= ০০ জন। NS1=0, IgG/IgM=0, মোট ডেঙ্গু রোগী= ০০ জন। | জনগণকে যথাযথ স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবগঞ্জ বগুড়া |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ ঃ ফসল আবাদ পরিস্থিতিঃ রবি মৌসুমে বোরো ২১০০০, গোল আলু-১৮৫০০, সরিষা ১০০০, ভূট্টা ৬৫, গম ৮৫ ও শাক-সবজি ২০৮০ হেঃ লক্ষ্যমাত্রা। খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে ২০১৭০ হেক্টর জমিতে রোপা আমন, ১০৫০হেঃ বিভিন্ন প্রকার শাক-সবজি আবাদ কলা ১০০, মরিচ ৩০ হেঃ ও পেঁয়াজ ১ হেঃ আবাদ হয়েছে এবং ৮৫০০ হেঃ জমিতে রোপা আমন এবং ১০৩৩ হেঃ বিভিন্ন প্রকার শাক-সবজি কর্তন হয়েছে। মাঠে দন্ডায়মান ফসলের বর্তমান অবস্থা খুব ভালো।<br>প্রদর্শনী ও প্রশিক্ষণ কার্যক্রমঃ রবি মৌসুম/২০২৪-২৫ রাজস্বখাতের আওতায় ৩৫টি বোরো,০৫টি গম, ৪৫টি সরিষা ও ১০টি পেঁয়াজ প্রদর্শনী বাস্তবায়ন করা হচ্ছে এবং রাজশাহী বিভাগ প্রকল্পের বিভিন্ন প্রযুক্তির ২৮টি প্রদর্শনী, অনাবাদী পতিত জমিতে সবজি চাষ প্রকল্পের পারিবারিক পুষ্টি বাগান ৯৬টি প্রদর্শনী, মসলা উন্নতজাত ও প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্পের আওতায় ২৬টি এবং পার্টনার প্রোগ্রামের সরিষা ০২টি, ভূট্টা ০১টি, ডাল ০১টি ও বায়ো পেষ্টিসাইড ০১টি প্রদর্শনী বাস্তবায়ন হয়েছে। এছাড়াও এসএসিপি-রেইনস প্রকল্পের আওতায় ৩৩০টি প্রদর্শনী বাস্তবায়ন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | **শস্য সংরক্ষণ শাখার কার্যক্রমঃ** রবি মৌসুম/২৪ বিভিন্ন ফসলের রোগ ও পোকামাকড় দমনে বালাইনাশক ডিলারদের নিকট পর্যাপ্ত পরিমাণে বালাইনাশক মজুদ রাখা হয়েছে। রবি মৌসুমে রবি শস্য ও শাকসবজি ফসলে রোগবালাই দমনে লিফলেট বিতরণসহ মাঠ পর্যায়ে কৃষকদের সার্বক্ষণিক পরামর্শ দেওয়া হচ্ছে। এছাড়াও মাঠ পর্যায়ে পোকা মাকড় সনাক্তকরণের মাধ্যমে মাঠ ফসল রক্ষায় কৃষকদের সার্বক্ষণিক পরামর্শ প্রদান করা হচ্ছে।<br>**সার মজুদ পরিস্থিতিঃ** রবি মৌসুম/২৪ এর জন্য ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারসহ অন্যান্য রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক এবং সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় চলছে। অত্র দপ্তরের কর্মকর্তাগণ বিসিআইসি ও বিএডিসি সার ডিলারের গুদামসহ খুচরা সার বিক্রেতার দোকান ঘর পরিদর্শন করছেন এবং বিভিন্ন সারের নমুনা সংগ্রহপূর্বক মান যাচাইয়ের জন্য পরীক্ষাগারে পাঠানো হচ্ছে। রবি মৌসুমে শস্য, শাকসবজি ও অন্যান্য ফসল আবাদে সারের সরবরাহ ও মজুদ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।<br>**সেচ পরিস্থিতিঃ** বিদ্যুৎ ও ডিজেল সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। গভীর ও অগভীর নলকূপ চালুর মাধ্যমে রবি মৌসুমের সেচ কার্যক্রম স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | | |
| ০৩ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, অক্টোবর/২০২৪ মাসে গবাদি পশু চিকিৎসা প্রদান-২৬৪২টি, হাঁস-মুরগির চিকিৎসা প্রদান-১৬২৫৬টি, গবাদিপশুর পিপিআর টিকা প্রদান-১০৫৮০০টি, হাঁস-মুরগির টিকা প্রদান-৮৫০০০ টি, কৃত্রিম প্রজনন- ১৪৯২ টি, সংকরজাতের বাছুর জন্ম-৫৯৪ টি, উঠান বৈঠক-০৬টি, ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প-০১ টি, স্থায়ী ঘাস চাষ পাকচং-১ জাত-০২একর, খামার পরিদর্শন-১৪টি, খামারী প্রশিক্ষণ-৩০ জন, টিকা বিক্রয় রাজস্ব আদায়-৪১২৫০ টাকা, কৃত্রিম প্রজনন রাজস্ব আদায়-৯৩৬০০/- টাকা, রাজস্ব আদায় খামার রেজিস্ট্রেশন ০০ টাকা। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। পিপিআর রোগের টিকা প্রদান কার্যক্রম সফল করার জন্য সার্বিক সহযোগিতা করতে সকলকে আহবান করা হয়। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া<br>২। প্রশাসক, শিবগঞ্জ পৌরসভা, বগুড়া।<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল), শিবগঞ্জ, বগুড়া |
| ০৪ | **উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় এ পর্যায়ে গৃহীত কর্মপরিকল্পনার অংশ হিসেবে বিভিন্ন ইউনিয়ন/দপ্তর/ব্যক্তি সংস্থা কর্তৃক প্রাপ্ত প্রকল্প তালিকাসমূহ নিয়ে উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক গত ০৭/১১/২০২৪ ইং তারিখে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে এক প্রাক পর্যালোচনা সভার আলোকে প্রকল্পের গুরুত্ব, স্থানীয় জনচাহিদা, অগ্রাধিকার প্রভৃতি বিষয়াদির আলোকে স্ক্রিনিং অন্তে বাস্তবায়নের জন্য একটি খসড়া তালিকা পরিশিষ্ট-"খ" ও "গ" প্রস্তুত করা হয়েছে। তৎপ্রেক্ষিতে তিনি সভায় প্রকল্পসমূহ পর্যায়ক্রমে পড়ে জানান এবং পরিষদ সভায় সংশ্লিষ্ট সকলের পর্যালোচনা ও অনুমোদনের নিমিত্ত দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় উপজেলা প্রকৌশলী কর্তৃক অদ্যকার সভায় উত্থাপনকৃত পরিশিষ্ট-"খ" ও "গ" বর্ণিত প্রকল্পসমূহ নিয়ে সভায় বিস্তর আলোচনা হয়। আলোচনান্তে উপস্থিত সংশ্লিষ্ট সকলে প্রকল্পের গুরুত্ব ও স্থানীয় জন চাহিদার প্রেক্ষিতে প্রয়োজনীয়তা বিবেচনায় সংশ্লিষ্ট সকলে একযোগে সন্তোষ প্রকাশ অন্তে চূড়ান্ত অনুমোদনে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত প্রদান করেন এবং পিআইসি প্রকল্পসমূহ সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে বাস্তবায়নে জরুরী কার্যকর ব্যবস্থা গ্রহণে উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ শিবগঞ্জ, বগুড়া<br>২। উপজেলা প্রকৌশলী শিবগঞ্জ, বগুড়া<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) শিবগঞ্জ, বগুড়া |
| | (২) উপজেলা প্রকৌশলী সভায় আরও বলেন যে, উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত শহীদ হাফিজার রহমান অডিটোরিয়ামটি পুরাতন ও জড়াজীর্ণ হওয়ায় ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। এছাড়া উপজেলা পরিষদের সম্প্রসারিত অংশে স্থাপিত শিশুপার্কের ভিতরে একটি পুরাতন ও জড়াজীর্ণ ঝুঁকিপূর্ণ ভবন রয়েছে। ভবন ০২ (দুই) টি অপসারণের জন্য কনডেমনেশন করা প্রয়োজন। | উক্ত ভবন দুটি কনডেমনেশন করার জন্য শহীদ হাফিজার রহমান অডিটোরিয়াম এবং শিশুপার্কের ভিতরের পুরাতন, জড়াজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ভবন সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রাক্কলন প্রস্তুতপূর্বক দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী শিবগঞ্জ, বগুড়া |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | (৩) উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন যে, শিবগঞ্জ উপজেলা পরিষদের সম্প্রসারিত অংশে স্থাপিত শিশু পার্কটি দীর্ঘদিন সংস্কারের অভাবে কোমলমতি শিশুদের চলাচলে অনুপযোগী হয়ে পড়েছে। সামান্য বৃষ্টি হলেই সম্পূর্ণ রাস্তাটি কর্দমাক্ত হয়। পার্কে প্রবেশের একমাত্র রাস্তাটি চলাচলের অনুপযোগী হওয়ায় কোমলমতি শিশুরা পার্কে যেতে পারেনা। এছাড়া শিবগঞ্জ উপজেলা পরিষদ কোয়ার্টারের বাউন্ডারী ওয়াল দীর্ঘদিন যাবৎ বড় ধরণের মেরামতের অভাবে জরাজীর্ণ অবস্থায় উপনীত হয়েছে এবং উপজেলা পরিষদের বাসাবাড়ীর ছাদ ও টয়লেট মেরামত করা প্রয়োজন। | উক্ত কাজের প্রাক্কলন প্রস্তুতপূর্বক দাখিল করার জন্যউপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী শিবগঞ্জ, বগুড়া |
| ০৫ | **উপজেলা মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ০১ নভেম্বর ২০২৪ হতে ৩০ জুন ২০২৫ তারিখ পর্যন্ত জাটকা আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ। এ আইন অমান্যকারীর শাস্তি কমপক্ষে ০১ থেকে ০২ বছরের সশ্রম কারাদন্ড অথবা সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা অথবা উভয় দন্ড। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া |
| ০৬ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** (১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অক্টোবর, ২০২৪ খ্রি. মাসের কাজের অগ্রগতি পাঠ করেন এবং অক্টোবর, ২০২৪ খ্রি. মাসে পরিবার পরিকল্পনা পদ্ধতি বিতরণ করা হয়েছে। (ক) খাবার বড়ি (সুখি)= ১০৪৫ (চক্র), (খ) কনডম= ৯৬৩২ (পিস), (গ) খাবার বড়ি আপন= ৬২৫ (চক্র), (ঘ) ইনজেকশন= ১০০৮ (ভায়াল), (ঙ) আইইউডি= ২৪ জন, (চ) ইমপ্ল্যান্ট = ১১৭ জন, (ছ) ইসিপি= ১০ জন, (জ)মিসোপ্রোস্টল= ১২০ (ডোজ) এবং স্থায়ী পদ্ধতিঃ পুরুষ ০১ জন ও মহিলা =০৬ জন। অক্টোবর ২০২৪ খ্রিঃ মাসের পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর) =৮০.৯৬%। | ১। স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতি আরও বৃদ্ধি করা প্রয়োজন। | UFPO, MO (MCH-FP) ম্যানেজার, সূর্যের হাসি নেটওয়ার্ক, (বামানেহ) |
| | (২) **জন্ম-মৃত্যু নিবন্ধনঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জন্ম-মৃত্যুর নিবন্ধন আইন ২০০৪ এ শিশুর জন্মের ৪৫দিনের মধ্যে জন্ম নিবন্ধনের বিধান রয়েছে। জন্ম-মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মীগণের সহযোগিতা নিশ্চিতকরণের জন্য সূত্রস্থ পরিপত্রে নির্দেশনা রয়েছে। তৎপ্রেক্ষিতে জন্ম-মৃত্যু নিবন্ধন সহজিকরণ শতভাগ জন্ম নিবন্ধন করার লক্ষ্যে সকল গর্ভবতী মায়ের তালিকা মোবাইল নম্বরসহ ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তার নিকট জমা প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে। তাছাড়া নবজাতকের জন্ম নিবন্ধন করার জন্য সকল অভিভাবককে উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়া ইপিআই টিকার সময় জন্ম নিবন্ধন করা হয়েছে কিনা তা যাচাই করা হচ্ছে। জন্ম নিবন্ধন কার্যক্রম জাতীয়ভাবে খুবই গুরুত্বপূর্ণ। এই কর্মসূচীকে সফল করার জন্য স্ব-স্ব ইউনিয়ন পরিষদকে সক্রিয়ভাবে সহযোগিতা করার জন্য পরিবার পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্টদের আন্তরিকভাবে কাজ অব্যাহত রাখতে হবে। মৃত্যুর রিপোর্ট প্রদানের জন্য আহবান জানানো হয়। | জন্ম-মৃত্যু রিপোর্ট ইউনিয়ন পরিষদে প্রদানের জন্য পরিবার পরিকল্পনা বিভাগকে ধন্যবাদ জানানো হয়। সেই সাথে তা অব্যাহত রাখার জন্য বলা হয়। | UFPO, MO (MCH-FP) |
| ০৭ | **উপজেলা সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ব্যক্তিদের জুলাই/২৪ হতে সেপ্টেম্বর/২৪ পর্যন্ত সকল ভাতার পে-রোল করা হয়েছে এবং তারা টাকা পেয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে পৌর সভাসহ সকল ইউনিয়নে ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন করা হয়। লাইফ ভেরিফিকেশন অন্তে মৃত বা নিরুদ্দেশ, বিধবা ভাতার ক্ষেত্রে সধবাদের ভাতার তালিকা থেকে বাদ দিয়ে তদস্থলে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন করে সভার কার্যবিবরনীসহ তালিকা প্রেরণের জন্য পৌরসভা/ইউনিয়ন পরিষদ(সকল) কে পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু আজ-অবধি কোন ইউনিট হতে তালিকা পাওয়া যায় নাই। ফলে আগামী ডিসেম্বর মাসে ২য় কিস্তির পে-রোল শতভাগ করা সম্ভব হবে না। দ্রুত তালিকা প্রেরণের জন্য পৌরসভা/চেয়ারম্যান(সকল) মহোদয়গণকে অনুরোধ জানানো হল।<br>২) তিনি আরও বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে অন-লাইনে প্রতিবন্ধী ভাতার আবেদনের সময়সীমা ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। কিন্তু আজ অবধি সমাজসেবা অধিদপ্তর সার্ভারে প্রতিবন্ধী কার্ডধারী আবেদনকারীর সংখ্যা কাঙ্খিত নয়। বিপুল সংখ্যক সুবর্ণ কার্ডধারী ব্যক্তি আবেদন করে নাই। অত্র সভায় পৌরসভা/ ইউনিয়ন পরিষদ(সকল)কে গণ-প্রচারের জন্য মাইকিং করার অনুরোধ করা হলো। | ১) আগামী ২৮ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে সভার কার্যবিবরণীসহ তালিকা উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া বরাবর দাখিলের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২) সভায় সর্বসম্মতিক্রমে সকল ইউনিটে মাইকিং করার জন্য পৌরসভা/ ইউনিয়ন পরিষদ(সকল)কে অনুরোধ জানানো হলো। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শিবগঞ্জ,বগুড়া<br>২। প্রশাসক, শিবগঞ্জ পৌরসভা, বগুড়া<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল), শিবগঞ্জ, বগুড়া |

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৮ | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া |
| ০৯ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলা সকল সরকারি বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা/২০২৪ এর কার্যক্রম আগামী ০২/১২/২০২৪ হতে শুরু হবে। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া |
| ১০ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, বাৎসরিক সেতু কালভার্ট নির্মাণের কাজ চলমান। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া |
| ১১ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি মাসে ৮,৮০,০০০/- টাকা এবং চলতি বছরে ১৭,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি মাসে আদায়যোগ্য ২,৯০,৬৮০/- টাকা, আদায়কৃত ২,৯০,৬৮০/- টাকা এবং আদায়ের হার ১০০%। চলতি মাসে ৯০ জন এবং চলতি বছরে ১৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আত্মকর্মীর সংখ্যা চলতি মাসে ০৮ জন এবং চলতি বছরে ৩০ জন। এছাড়া বায়োগ্যাস তৈরী/ স্থাপন প্রকল্পে ২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শিবগঞ্জ,বগুড়া |
| ১২ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া। |
| ১৩ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র দপ্তর কর্তৃক সরকারের ০৮ প্রকল্প/কর্মসূচি সফলভাবে বাস্তবায়িত হয়ে আসছে। নিম্নে তার ধারাবাহিক বিবরণী উল্লেখ করা হলোঃ<br>**ঋণ কার্যক্রমঃ** বিভিন্ন প্রকল্প/কর্মসূচি থেকে অক্টোবর, ২০২৪ মাসে সঞ্চয় আদায় হয়েছে ১,২০,০০০/-, শেয়ার আদায় ৭,০০০/- টাকা, ঋণ আদায় ৩৫,৯৭,০০০/- টাকা এবং ঋণ বিতরণ ৩৯,৬৪,০০০/-টাকা।<br>২০২৪-২৫ অর্থবছরে সঞ্চয় আদায় ২,৪৬,০০০/- টাকা, শেয়ার আদায় ২৯,০০০/- টাকা, ঋণ আদায় ৭৪,৪৭,০০০/- টাকা এবং ঋণ বিতরণ ৮৯,৪২,০০০/- টাকা।<br>ক্রমপুঞ্জিত সঞ্চয় আমানত ১,২৩,৪৭,০০০/- টাকা, শেয়ার আমানত ৩৭,১৯,০০০/- টাকা, ঋণ আদায় ৪৭,০০,৫৫,০০০/- টাকা এবং ঋণ বিতরণ ৫১,০৭,৭৮,০০০/- টাকা<br>**প্রশিক্ষণ কার্যক্রমঃ** অত্র দপ্তর হতে বিভিন্ন কর্মকান্ডে(সবজি চাষ/ অপ্রধান শস্য চাষ/ হাঁসমুরগী পালন/মৎস্য চাষ/গাভী পালন/গাভী মোটাতাজাকরণ/উদ্যোক্তা সৃজন/ক্ষুদ্র ব্যবসা ইত্যাদি) অক্টোবর/২০২৪ মাসে ২৫ জন (পুরুষ/মহিলা)কে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ক্রমপুঞ্জিত ৪৯১৫ জন (পুরুষ/মহিলা) কে প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>**ক্ষুদ্র অবকাঠামো নির্মাণঃ** ২০২৪-২৫ অর্থ বছরে কোন বরাদ্দ পাওয়া যায়নি। বিগত অর্থ বছরসমূহে ক্রমপুঞ্জিত ৫৬টি অবকাঠামো নির্মাণ সম্পন্ন করা হয়েছে।<br>**বিনামূল্যে চারা ও বীজ বিতরণঃ** ২০২৪-২৫ অর্থ বছরে কোন বরাদ্দ পাওয়া যায়নি। বিগত অর্থ বছরসমূহে ক্রমপুঞ্জিত ৬৮৫ জনকে চারা ও বীজ বিতরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া |
| ১৪ | **উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** সহকারী প্রকৌশলী সভায় জানান যে, শিবগঞ্জ উপজেলায় ২০২৪-২৫ অর্থ বছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প হতে ১৪৪টি সাবমারসিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। যার সহায়ক চাঁদা ৭,০০০/-টাকা। স্থান নির্বাচন উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের তত্ত্বাবধানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলীকে পানির স্থান নির্বাচনের জন্য নির্দেশনা প্রদান করেন জনাব মোঃ আব্দুর রহমান মহোদয়, উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। এছাড়া কমিউনিটি ভিত্তিক ওয়াটার সাপ্লাই স্কীম প্রকল্প হতে ১৮ টি সাবমারসিবল কাজ চলমান। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, শিবগঞ্জ, বগুড়া। |

চলমানপাতা-০৫

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, VWB কার্যক্রমের আওতায় ২০২৫-২৬ চক্রের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের সংখ্যা বাড়েনি। পূর্বের বরাদ্দ অর্থাৎ কার্ড সংখ্যা মোট ২১১৩টি বহাল রয়েছে। এছাড়া মা ও শিশু সহায়তা কার্যক্রমের আওতায় চলতি অর্থ বছরে ইউনিয়ন প্রতি ০৫ জন করে উপকারভোগীর বরাদ্দ পাওয়া গেছে। উপকারভোগী নির্বাচন কাজ চলমান রয়েছে। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া। |
| ১৬ | **উপজেলা সামাজিক বন বিভাগঃ** বিভাগীয় বন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা বন ও পরিবেশ কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া |
| ১৭ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)ঃ** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | ইউডিএফ, ইউজিডিপি, শিবগঞ্জ, বগুড়া |
| ১৮ | **আনসার ও ভিডিপি ঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া |
| ১৯ | **উপজেলা খাদ্য অফিস ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন যে, অভ্যন্তরীণ আমনধান চাল সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে। শিবগঞ্জ উপজেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী সংগ্রহ হবে আশা করা যায়। ধান চালের মজুদ স্বাভাবিক আছে। ধানের মূল্য প্রতি কেজি ৩৩ টাকা এবং চাল প্রতি কেজি ৪৭ টাকা নির্ধারিত হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক শিবগঞ্জ, বগুড়া |
| ২০ | **উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ঃ** সহকারী প্রোগ্রামার সভায় বলেন যে, বিভিন্ন দপ্তর এবং ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টালসমূহ শতভাগ হালনাগাদ **নেই। দ্রুততম সময়ের মধ্যে হালনাগাদ করতে হবে এবং** বিতর্কিত ছবিগুলো স্ব স্ব ওয়েবপোর্টাল থেকে অপসারণ করতে হবে। | বিভিন্ন দপ্তর এবং ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল সমূহ শতভাগ হালনাগাদসহ বিতর্কিত ছবিগুলো স্ব স্ব ওয়েবপোর্টাল থেকে অপসারণ করতে হবে। | ১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), শিবগঞ্জ, বগুড়া। |
| ২১ | **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, শিবগঞ্জ, বগুড়া ঃ** উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া |
| ২২ | **পল্লী সঞ্চয় ব্যাংক, শিবগঞ্জ, বগুড়া ঃ** সিনিয়র শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে তবে পূর্বের তুলনায় কিছুটা ঋণ খেলাপির হার বেড়েছে বা আদায় কার্যক্রম পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এটি শাখা কর্তৃক গ্রহণ করা হয়েছে যা চলমান। প্রয়োজনে উপজেলা প্রশাসন কর্তৃক সহযোগিতার প্রয়োজন পড়তে পারে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | সিনিয়র শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, শিবগঞ্জ, বগুড়া |
| ২৩ | **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** অর্থনৈতিক শুমারি ২০২৪ এর কার্যক্রম ১০ ডিসেম্বর,২০২৪ হতে ২৬ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত চলবে। এ বিষয়ে সকলের সহযোগিতা প্রয়োজন। | সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ১। প্রশাসক, শিবগঞ্জ পৌরসভা, বগুড়া<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), শিবগঞ্জ, বগুড়া |

আলোচ্য বিষয়-০৩ঃ বিবিধ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২৪ | উপজেলা পরিষদের অক্টোবর, ২০২৪ মাসে জরুরি প্রয়োজনে নিম্নবর্ণিত খাতে ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করা হয়। বিষয়টি বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০১) অক্টোবর/২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল - ৩০,০০০/-<br>০২) অক্টোবর/২০২৪ অফিস সামগ্রী ও ষ্টেশনারী দ্রব্যাদি সামগ্রীর ব্যয় বিল - ৫,০০০/-<br>০৩) উপজেলা সমাজসেবা অফিসের জরুরি সংস্কার কাজ ব্যয় -২৪,০০০/- | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ব্যয় সমূহ ভূতাপেক্ষা অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ০৪) উপজেলা সমাজসেবা অফিসের জরুরি সংস্কার কাজ ব্যয় -১২,৩৮০/-<br>০৫) উপজেলা পরিষদের ইলেকট্রিক সামগ্রী ক্রয় বিল -২৫,০০০/-<br>০৬) উপজেলা পরিষদের ইলেকট্রিক সামগ্রী ক্রয় বিল -২৫,০০০/-<br>০৭) উপজেলা পরিষদের ইলেকট্রিক কাজের পারিশ্রমিক -৫,০০০/-<br>০৮) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের সেনিটারী সামগ্রী ক্রয় বিল -২৫,০০০/-<br>০৯) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের ক্রোকারীজ মালামাল ক্রয় বিল -১০,০০০/-<br>১০) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের রং ক্রয় বিল -২৪,০০০/-<br>১১) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের রংকরণ কাজের পারিশ্রমিক -১০,০০০/-<br>১২) উপজেলা পরিষদের আবাসিক এলাকা এবং অফিস চত্বরের জলাবদ্ধতা নিরসনের জন্য ভরাট হওয়া ড্রেনের পঁচা আবর্জনা এবং জঙ্গল পরিষ্কারকরণের মজুরী -১৯,২০০/- | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Tahmina 21.11.24

(তাহমিনা আক্তার)
প্রশাসক
শিবগঞ্জ উপজেলা পরিষদ, বগুড়া
ফোনঃ ০২৫৮৯৯১১৫১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, বগুড়া।
(shibganj.bogra.gov.bd)

স্মারক নং-০৫.৫০.১০৯৪.০০০.০৪.০২৪.২৪. ১৪৬৯

তারিখ ঃ ২১ নভেম্বর, ২০২৪ খ্রি.

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, বগুড়া।
০৩। ---------------------------------------- কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া।
০৪। চেয়ারম্যান, ------------------------------ (সকল) ইউনিয়ন পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
০৫। জনাব ------------------------------------------------------------, শিবগঞ্জ, বগুড়া।
০৬। অফিস কপি।

Tahmina 21.11.24

উপজেলা নির্বাহী অফিসার
শিবগঞ্জ, বগুড়া।